গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	৩১-০৭-২০২২
সভার সময়	দুপুর-২.০০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোছাম্মাৎ ফারহানা রহমান সভার কার্যপত্র উপস্থাপন করেন। উপসচিব (প্রশাসন-২) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আজকে প্রথম সভা। তিনি ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে যে সকল সূচক নতুন সংযোজন করা হয়েছে সে সকল সূচক সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, ২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে ৯টি মনিটরিং সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে এবং পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং সংক্রান্ত নতুন মনিটরিং সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ৯টি মনিটরিং সূচকের বিপরীতে ৯ নম্বর বরাদ্দ রয়েছে। মনিটরিং সূচকসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৫-০৭-২০২২ তারিখে ৯টি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা ও যথাযথভাবে মনিটরিং রিপোর্ট প্রাপ্তির লক্ষ্যে সকল মনিটরিং কমিটির আহ্বায়কদের সঙ্গে যোগাযোগ রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২। সভায় উল্লেখ করা হয় যে, ২০২২-২৩ অর্থবছরে আহরিত কয়লার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩.৫০ লক্ষ মেট্রিক টন। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল বলেন যে, করোনা পরিস্থিতি ও ভূগর্ভস্থ পরিস্থিতি অনুকূলে থাকলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কয়লা উত্তোলন করা সম্ভব হবে। সভায় জানানো হয় যে, ৩-ডি সিসমিক জরিপ নতুন অর্থবছরের এপিএ'তে অন্তর্ভুক্ত করা হয়েছে। সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড কর্তৃক ৩-ডি কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। পেট্রোবাংলার প্রতিনিধি জানান যে, ৩-ডি সিসমিক জরিপের লক্ষ্যমাত্রার একক লা.কি.মি. এর পরিবর্তে বর্গ কি.মি. হবে। বিষয়টি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সংশোধনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, ইআরএল এ কাস্টডি ট্রান্সফার ফ্লো-মিটার স্থাপন কার্যক্রমের বিপরীতে ২০২২-২৩ অর্থবছরে ফ্লো মিটার আমদানির লক্ষ্যমাত্রা ৪০% নির্ধারণ করা হয়েছে। নতুন অন্তর্ভুক্ত সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বিশেষ নজর দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৩। উপসচিব (প্রশাসন-২) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী উর্ধ্বতন অফিস কর্তৃক আওতাধীন অফিসের এপিএ সংশোধনের সময়সীমা ৩০ অক্টোবর ২০২২। এ প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র কোন সূচকের সংশোধনী থাকলে তা সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে প্রেরণ করা প্রয়োজন। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনার সূচকসমূহের বিষয়ে আলোচনা করা হয়। ৫টি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে এখন হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	২০২২-২৩ অর্থবছরের এপিএ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত সরেজমিন পরিদর্শন অব্যাহত রাখতে হবে ও যথাযথভাবে মনিটরিং রিপোর্ট প্রাপ্তির লক্ষ্যে সকল মনিটরিং কমিটির আহ্বায়কদের সঙ্গে যোগাযোগ রাখতে হবে।	এপিএ টিম/সংশ্লিষ্ট মনিটরিং কমিটি/ প্রশাসন-২ অধিশাখা
৩.২	৩-ডি সিসমিক জরিপের লক্ষ্যমাত্রার একক পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সংশোধন করতে হবে।	এপিএ টিম/পেট্রোবাংলা
৩.৩	২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে অন্তর্ভুক্ত নতুন সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বিশেষ নজর দিতে হবে।	এপিএ টিম/দপ্তর/ সংস্থা/কোম্পানী
৩.৪	২০২২-২৩ অর্থবছরের এপিএ'র কোন সূচকের সংশোধনী থাকলে তা সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে প্রেরণ করতে হবে।	এপিএ টিম/দপ্তর/ সংস্থা/কোম্পানী
৩.৫	২০২২-২৩ অর্থবছরের এপিএ'তে অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে এখন হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এপিএ টিম/উপসচিব, প্রশাসন-১/ প্রশাসন-২/ প্রশাসন-৩/বাজেট অধিশাখা ও আইসিটি শাখা এবং দপ্তর/সংস্থা/কোম্পানি

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৫৭

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯
১১ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৭) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
১০) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ
১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব